# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়
যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
ফোন: ৮৮৭৮১২২, ফ্যাক্স: ৮৮৭৮১২৩
E-mail: acemw@rhd.gov.bd


স্মারক নং- ৬৬১(৮)- যাঃ.   তাং-৩০/১১/২০১৭

বিষয়ঃ **সেবা সহজিকরণের লক্ষ্যে প্রস্তাবিত নতুন প্রসেস ম্যাপ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, "সওজ-এর বিভিন্ন সরঞ্জাম ও যন্ত্রপাতি বিভিন্ন উন্নয়ন কার্যে ভাড়ায় প্রদান" সেবাটি সহজিকরনের পদক্ষেপ গ্রহন করা হয়েছে। সে মোতাবেক বর্ণিত সেবাটি সহজিকরণ কার্যক্রম মন্ত্রী পরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং প্রধান প্রকৌশলী কর্তৃক উপস্থাপন করা হয়েছে। সেবা সহজিকরন বাস্তবায়নের সময়কাল, ডিসেম্বর ২০১৭।

সেবা সহজিকরন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংযুক্ত প্রস্তাবিত নতুন প্রসেস ডিসেম্বর-২০১৭ অনুযায়ী মাঠ পর্যায়ের প্রতিটি দপ্তরকে সেবা প্রদান করার জন্য বলা হলো। এক্ষেত্রে নিম্নলিখিত বিষয়াদি অনুসরন করে সেবা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

১. ভবিষ্যতে সকল টেন্ডার প্রক্রিয়া e-GP-এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।
২. মেরামত কাজের চাহিদাপত্র, তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক অনুমোদন এবং জব খোলা ইত্যাদি পূর্বের চেয়ে কম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত বিষয়াদি অনুসরন করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং কোনরূপ সমস্যা থাকলে অত্র দপ্তরের সাহায্য নেওয়ার জন্য বলা হলো।

সংযুক্তিঃ মন্ত্রী পরিষদ বিভাগ কর্তৃক সেবা সহজিকরণ সংক্রান্ত প্রেরিত প্রতিবেদন।

৩০/১১/১৭

(মোঃ রফিকুল ইসলাম)
পরিচিতি নং-০০০২০৩
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), সওজ
যান্ত্রিক উইং, সড়ক ভবন
তেজগাঁও, ঢাকা।

Web Adm
৩০/১১/১৭

বরাবর,
নির্বাহী প্রকৌশলী, সওজ
কারখানা বিভাগ
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় কার্যার্থেঃ

১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, ঢাকা/ টেকনিক্যাল সার্ভিসেস উইং, ঢাকা/ পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, কারখানা সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, এমআইএস এন্ড এস্টেটস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। সংযুক্ত প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশ ও সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো।
৫. নির্বাহী প্রকৌশলী, সওজ..........................................................

সেবার নামঃ সড়ক ও জনপথ অধিদপ্তরের বিভিন্ন সরঞ্জাম ও যন্ত্রপাতি বিভিন্ন উন্নয়ন কাজে ভাড়ায় প্রদান।

**মন্ত্রণালয়ের নাম** ঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।

# সূচিপত্র


| ক্রঃ নং | বিবরণ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১। | সেবা গ্রহীতা | |
| ২। | সেবার সংক্ষিপ্ত পরিচিতি | |
| ৩। | সেবার বিদ্যমান প্রসেস ম্যাপ | |
| ৪। | সেবার প্রস্তাবিত প্রসেস ম্যাপ | |
| ৫। | বিদ্যমান প্রসেস ক্যাটাগরি অনুসারে সমস্যা সমূহের বিবরণ | |
| ৬। | সহজিকরণের প্রস্তাবনাসমূহ | |
| ৭। | সরঞ্জাম নিয়ন্ত্রণ বিভাগ, ঢাকার সড়ক নেটওয়ার্কও অন্যান্য অবকাঠামো নির্মানে সহায়ক যন্ত্রপাতি সমূহ | |
| ৮। | টিসিভি (টাইম, কস্ট, ভিজিট) তুলনামূলক বিশ্লেষন | |
| ৯। | সেবা গ্রহণ প্রসেসিংয়ে কাগজাদির বর্নণা | |
| ১০। | বাস্তবায়ন পরিকল্পনা (স্বল্প মেয়াদী) | |
| ১১। | সহজিকরণের সম্ভাব্য ফলাফল | |


২৮/১১/১৮
(মো: মমিনুল ইসলাম)
নি: প্র:, ২৪৩৫
সঃ নি: বিভাগ, সড়ক ভবন
তেজগাঁও, ঢাকা

১।	**সেবা গ্রহীতা ঃ**


বাংলাদেশের যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি দেশের অবকাঠামোগত উন্নয়ন কর্মকান্ডে নিয়োজিত রয়েছেন।

২।	**সেবার সংক্ষিপ্ত পরিচিতি ঃ**


সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন বিদ্যমান ২১৩০২ কিঃমিঃ রাস্তার প্রতিনিয়ত মেরামত কাজ এবং নতুন রাস্তা, ব্রীজ, কালভার্ট নির্মাণ কাজসহ সারা দেশে যে কোন বড় ধরনের নির্মান কাজে অত্যাধুনিক যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ব্যবহার বিকল্প নেই। শ্রমিক নির্ভর নির্মাণ কাজ যেমন সময় সাপেক্ষ তেমনি এটি খরচের পরিমাণও বাড়িয়ে দেয় এবং কাজের গুনগত মান কোনভাবেই আশানুরূপ হয়না। নেটওয়ার্ক সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণের পাশাপাশি দেশের যে কোন গুরুত্বপূর্ণ অবকাঠামোগত উন্নয়ন কর্মকান্ডে সহযোগিতার লক্ষ্যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট সরকারি বিধি মোতাবেক অত্র দপ্তরে সরঞ্জাম ও যন্ত্রপাতি সমূহ প্রদান করে সরকারের রাজস্ব আদায়ে ভূমিকা পালন করে থাকে।

২৮/১১/১৮

৩। <u>বিদ্যমান প্রসেস ম্যাপ ঃ</u>



৪। প্রস্তাবিত প্রসেস ম্যাপ ঃ



৫। **বিদ্যমান প্রসেস ক্যাটাগরি অনুসারে সমস্যাসমূহের বিবরণ ঃ-**

| ক্রঃ নং | সেবার ক্ষেত্র/ ক্যাটাগরি | সেবার বর্ণনা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | আবেদনপত্রের নির্ধারিত ফরমেট না থাকা | আবেদনপত্রের সুনির্দিষ্ট কোন ফরমেট না থাকায় আবেদনপত্রে অনেক সময় প্রয়োজনীয় তথ্য উপাত্তসমূহ থাকে না। | |
| ২। | চুক্তি পত্রের নির্ধারিত ফরমেট না থাকা | সেবা গ্রহণকারীর সহিত যন্ত্রপাতি ও সরঞ্জাম ভাড়া প্রদানের জন্য একটি চুক্তি পত্রের নির্ধারিত ফরমেট তৈরি করন। | |
| ৩। | সেবার ধাপ | বিদ্যমান সেবার ধাপে আবেদনপত্র দাখিল, অনুমোদ প্রসেস ও সেবার ফি প্রদান এ ধাপগুলির জন্য সময় ক্ষেপন কমিয়ে দ্রুততার সাথে এবং সহজিকরণ করে একই দিনে করা সম্ভব। | |
| ৪। | নির্ভরশীলতা | সেবা প্রদানের বিদ্যমান পদ্ধতিতে একটি ধাপ তার পূর্ববর্তী ধাপের উপর নির্ভলশীল। তাই কোন একটি ধাপকে বাদ দিয়ে পরবর্তী ধাপে যাওয়া সম্ভব হচ্ছে না। | |

৬। **সহজিকরণের প্রস্তাবনাসমূহ ঃ-**

| ক্রঃ নং | সেবা সহজিকরণের জন্য প্রস্তাবিত পদক্ষেপ | বাস্তবায়নের কর্ম প্রক্রিয়া | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | আবেদনপত্রের ফরমেট প্রস্তুত | বর্তমান অবস্থা ও অন্যান্য সংস্থার আদলে একটি সহজ আবেদন ফরমেট প্রস্তুতকরণ। | |
| ২। | আবেদন পত্রের ফরমেট ওয়েবসাইটে প্রকাশ ও মাঠ পর্যায়ের প্রাপ্যতা নিশ্চিতকরণ | আবেদন পত্রের ফরমেট ওয়েবসাইটে প্রকাশ করা। যাতে আবেদন ফরম আবেদনকারীদের প্রাপ্যতা সহজীকরণ হয় | |
| ৩। | সেবা সংক্রান্ত বিষয়ে আবেদনকারীকে জ্ঞাতকরণ | সেবা প্রদানের সময়কাল রেজিস্ট্রিভুক্তকরণ এবং এ সংক্রান্ত দলিলাদি সংরক্ষণ | |
| ৪। | দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান | দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে নিয়মিতভাবে প্রশিক্ষণ এর আয়োজন করা | |
| ৫। | নতুন সরঞ্জাম ও যন্ত্রপাতি আধুনিকায়ন | সেবার মান উন্নতর করতে নতুন নতুন সরঞ্জাম ও যন্ত্রপাতি ক্রয়ের ব্যবস্থাকরন | |
| ৬। | সরঞ্জাম ও যন্ত্রপাতি সচলায়ণ | সেবার মান উন্নত করতে বিদ্যমান সরঞ্জাম ও যন্ত্রপাতি যথাযথভাবে মেরামত ও সংরক্ষণের ব্যবস্থাকরণ | |
| ৭। | জনবল কাঠামো পুনর্গঠণ | নতুন নতুন সরঞ্জাম ও যন্ত্রপাতি ক্রয়ের পাশাপাশি দক্ষ জনবল কাঠামো পুর্নগঠণ করা। এ লক্ষ্যে বিদ্যমান জনবলকে প্রশিক্ষণের ব্যবস্থা করা। | |

৭। **সরঞ্জাম নিয়ন্ত্রণ বিভাগ, ঢাকার সড়ক নেটওয়ার্ক ও অন্যান্য অবকাঠামো নির্মাণে সহায়ক যন্ত্রপাতি সমূহ ঃ-**

| ক্রঃ নং | যন্ত্রপাতি ও সরঞ্জামাদির ধরণ |
|---|---|
| ১। | স্টীল রোড রোলার |
| ২। | সয়েল কমপেক্টর |
| ৩। | এক্সকাভেটর |
| ৪। | ট্রেইলার |
| ৫। | ক্রেণ |
| ৬। | ট্রাক |
| ৭। | ডাম্প ট্রাক |
| ৮। | ডোজার |
| ৯। | পে-লোডার |
| ১০। | মোটর গ্রেডার |
| ১১। | ওয়াটার ট্যাংক |
| ১২। | বিটুমিন ডিষ্ট্রিভিউটর |

২৮/১১/১৮

৮। **টিসিভি (টাইম, কস্ট, ভিজিট) তুলনামূলক বিশ্লেষণঃ**

| ক্ষেত্র | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় | ৭ দিন | ২ দিন |
| খরচ | যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সেবার ফি ৩৫০০-১৩১৬ | অপরিবর্তিত |
| ভিজিট | ৩ বার | ১-২ বার |
| ধাপ | ২৪ | ১৫ |
| জনবল | ~~১০~~ ১৫ | ৭ |
| সেবাপ্রাপ্তির স্থান | ৪ টি দপ্তর (সংশ্লিষ্ট অনুমোদনকারী কর্তৃপক্ষ, সেবা প্রদানকারী ও ফি জমাদানের আলাদা দপ্তর) | ৪ টি দপ্তর |
| দাখিলীয় কাগজপত্র | নির্ধারিত প্যাডে আবেদন | অনলাইনের মাধ্যমে নির্ধারিত ফরমেটে আবেদন |

➢ বিশেষ ক্ষেত্রে সেবা প্রদানের ধরন বিবেচনায় নির্ধারিত সময়ের তারতম্য হতে পারে।

৯। **সেবা গ্রহণ প্রসেসিংয়ে কাগজাদির বর্ণনা ঃ-**

| সেবা গহণ প্রসেসয় দাখিলীয় এবং অফিস কর্তৃক ব্যবহৃত কাগজাদি / দলিলাদির বর্ণনা | | |
|---|---|---|
| ক্রঃ নং | সেবা গ্রহীতাকে যা দাখিল করতে হবে | সেবা প্রদানের ক্ষেত্রে অফিসে যা করবে |
| ১. | নির্ধারিত ফরমে আবেদন সংশ্লিষ্ট দপ্তর বা সওজ ওয়েব সাইট হতে ফরম ডাউনলোড করা যাবে। | আবেদন পত্র গ্রহণ ও ডাক ফাইলে উপস্থাপন |
| ২. | সেবা গ্রহীতা নিয়মতান্ত্রিকভাবে আবেদন ও যথাযথ কর্তৃপেক্ষের অনুমোদনের ব্যবস্থা করা। | আবেদন পত্র গ্রহণ ও ডাক ফাইলে উপস্থাপন |
| ৩. | সরঞ্জাম ও যন্ত্রপাতির নির্ধারিত ফি জমা প্রদান | মানি রসিদের মাধ্যমে ফি গ্রহণ ও চালানের মাধ্যমে সরকারী কোষাগারে রাজস্ব জমা প্রদান নিশ্চিতরকণ। |
| ৪. | সেবা গ্রহণ ও মাধ্যম বিষয়ে নিশ্চিতকরণ | আবেদনকারীকে সেবা সম্পর্কিত জ্ঞাতব্য বিষয়ে অবহিত করা এবং সেবা গ্রহণ শেষে সরকারী সম্পদ যথাযতভাবে সমর্পনের বিষয়ে জ্ঞাতকরণ। |

[signature] ২৮/১১/১৮

১০। **বাস্তবায়ন পরিকল্পনা (স্বল্প মেয়াদী) ঃ**

| ক্রঃ নং | সেবা সহজিকরণের জন্য প্রস্তাবিত পদক্ষেপ | বাস্তবায়নের কর্ম প্রসেস | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | আবেদনপত্রের ফরমেট প্রস্তুত | বর্তমান অবস্থা ও অন্যান্য সংস্থার আদলে একটি সহজ আবেদন ফরমেট প্রস্তুতকরণ। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সরঞ্জাম নিয়ন্ত্রণ ও সংগ্রহ সার্কেল/সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |
| ২। | আবেদন পত্রের ফরমেট ওয়েবসাইটে প্রকাশ ও মাঠ পর্যায়ের প্রাপ্যতা নিশ্চিতকরণ | আবেদন পত্রের ফরমেট ওয়েবসাইটে প্রকাশ করা। যাতে আবেদন ফরম আবেদনকারীদের প্রাপ্যতা সহজীকরণ হয় | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সরঞ্জাম নিয়ন্ত্রণ ও সংগ্রহ সার্কেল/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, এমআইএস এন্ড এস্টেট সার্কেল |
| ৩। | সেবা সংক্রান্ত বিষয়ে আবেদনকারীকে জ্ঞাতকরণ | সেবা প্রদানের সময়কাল রেজিস্ট্রিভুক্তকরণ এবং এ সংক্রান্ত দলিলাদি সংরক্ষণ | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সরঞ্জাম নিয়ন্ত্রণ উপ-বিভাগ, ঢাকা |
| ৪। | দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান | দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে নিয়মিতভাবে প্রশিক্ষণ এর আয়োজন করা | তত্ত্বাবধায়ক প্রকৌশলী সওজ সরঞ্জাম নিয়ন্ত্রণ ও সংগ্রহ সার্কেল |
| ৫। | নতুন সরঞ্জাম ও যন্ত্রপাতি আধুনিকায়ন | সেবার মান উন্নতর করতে নতুন নতুন সরঞ্জাম ও যন্ত্রপাতি ক্রয়ের ব্যবস্থাকরন | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ৬। | সরঞ্জাম ও যন্ত্রপাতি সচলায়ণ | সেবার মান উন্নত করতে বিদ্যমান সরঞ্জাম ও যন্ত্রপাতি যথাযথভাবে মেরামত ও সংরক্ষণের ব্যবস্থাকরণ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সরঞ্জাম নিয়ন্ত্রণ ও সংগ্রহ সার্কেল/সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |
| ৭। | জনবল কাঠামো পুনর্গঠণ | নতুন নতুন সরঞ্জাম ও যন্ত্রপাতি ক্রয়ের পাশাপাশি দক্ষ জনবল কাঠামো পুর্নগঠণ করা। এ লক্ষ্যে বিদ্যমান জনবলকে প্রশিক্ষণের ব্যবস্থা করা। | প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সরঞ্জাম নিয়ন্ত্রণ ও সংগ্রহ সার্কেল/সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |

১১। **সহজিকরণের সম্ভাব্য ফলাফল ঃ-**

- ➢ সেবা সম্পর্কে সেবা গ্রহীতার আস্থা বৃদ্ধি পাবে।
- ➢ সেবা গ্রহীতার আস্থা বৃদ্ধির ফলে সেবা প্রত্যাশীর সংখ্যা বৃদ্ধি পাবে।
- ➢ এর ফলে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে।
- ➢ প্রতিষ্ঠানের কার্যক্রমের জবাবদিহিতা ও গতিশীলতা বৃদ্ধি পাবে।
- ➢ সড়ক অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কাজের গুনগত মান বৃদ্ধি পাবে ।
- ➢ সর্বোপরি প্রতিষ্ঠানের সুনাম ও দেশের উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিত হবে।